# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**15 DECEMBER 2025** **7:45—7:55 PM**

---

(১) রাজ্যের আর্থিক ক্ষেত্রের বিভিন্ন বিষয় নিয়ে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের সঙ্গে মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার নতুনদিল্লীতে আলোচনা ।

(২) গৌহাটীর নবগ্রহ শ্মশানে ট্রিবিউন গোষ্ঠীর অধ্যক্ষ তথা বর্ষীয়ান সাংবাদিক প্রফুল্ল গোবিন্দ বরুয়ার রাজ্য মর্যাদায় শেষকৃত্য সম্পন্ন ।

(৩) কামরূপ মহানগর জেলার মুখ্য ন্যায়াধীশের আদালতে আগামীকাল জুবিন গর্গের মৃত্যুর মামলার অভিযোগনামা দাখিলের পর প্রথম শুনানী ।

এবং

(৪) আসন্ন আসাম বিধানসভা নির্বাচনের জন্য বৈজয়ন্ত পান্ডাকে বিজেপির তত্বাবধায়ক হিসেবে নিযুক্তি ।

-----------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ নতুনদিল্লীতে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের সঙ্গে সাক্ষাৎ করে রাজ্যের অর্থনৈতিক ক্ষেত্রের বিভিন্ন বিষয় সম্পর্কে আলোচনা করেন । এই আলোচনায় রাজ্যের উন্নয়ন এবং জনসাধারণের কল্যাণের লক্ষ্যে বেশ কয়েকটি বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান । মুখ্যমন্ত্রী আসামের উন্নয়নের যাত্রায় নিরন্তর সহায়তা প্রদান করার জন্য কেন্দ্রীয় অর্থমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন ।

-----------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিরুদ্ধে কংগ্রেসের নেতাদের করা বিরূপ মন্তব্যের জন্য ক্ষমা চাওয়ার দাবী জানিয়ে এন ডি এর সাংসদদের সৃষ্টি করা হৈহট্টগোল পরিস্থিতির পরিপ্রেক্ষিতে আজ সংসদের উভয় সভার কাজকর্ম ব্যহত হয়েছে । প্রথমে উভয় সভা

বেলা ১২ টা পর্যন্ত স্থগিত রাখা হয় । এরপূর্বে লোকসভায় সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেন রিজিজু বিষয়টি উত্থাপন করেন । শ্রী রিজিজু নতুন দিল্লীতে গতকাল কংগ্রেসের র‍্যালীতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিরুদ্ধে বিরূপ মন্তব্যের নিন্দা জানান । এধরণের মন্তব্য গ্রহণযোগ্য নয় বলে উল্লেখ করে কেন্দ্রীয় মন্ত্রী এই কাজকে লজ্জাজনক ও দূর্ভাগ্যজনক বলে অভিহিত করেন । বেলা ১২ টায় সভা পুনরায় সভা মিলিত হবার পর অনুরূপ হৈহট্টগোল পরিস্থিতি অব্যাহত থাকার পরিপ্রেক্ষিতে অধ্যক্ষ ওম বিড়লা দুপুর দুটো পর্যন্ত সভার কাজকর্ম স্থগিত রাখেন ।
রাজ্যসভায়ও আজ একই পরিস্থিতির সৃষ্টি হয় । আজ সকালে সভার শুরুতে রাজ্যসভার নেতা জে পি নাড্ডা বিরোধী দলের নেতা মল্লকার্জুন খার্গে এবং প্রবীন কংগ্রেস নেত্রী সোনিয়া গান্ধীকে ক্ষমা চাওয়ার দাবী জানান । তিনি বলেন যে এধরণের মন্তব্য কংগ্রেস দলের চিন্তাধারা ও মানসিকতাকে প্রতিফলিত করে । বিষয়টি নিয়ে এনডি এর সাংসদদের সৃষ্টি করা হৈহট্টগোল পরিস্থিতির জন্য উপ-সভাপতি হরিবংশ সভার কাজকর্ম বেলা ১২ টা পর্যন্ত স্থগিত ঘোষণা করেন । ১২ টার পর সভার কাজকর্ম পুনরায় শুরু হয় ।

---------------------------------------------------------------------------------------------

আসামের সংবাদ জগতের মহীরুহ , দ্য আসাম ট্রিবিউন সংবাদপত্রের সম্পাদক , ট্রিবিউন গোষ্ঠীর অধ্যক্ষ তথা বর্ষীয়ান সাংবাদিক প্রফুল্ল গোবিন্দ বরুয়ার শেষকৃত্য আজ রাজ্যমর্যাদায় গৌহাটীর নবগ্রহ শ্মশানে সম্পন্ন হয়েছে । রাজ্যসরকারের পক্ষে অর্থমন্ত্রী অজন্তা নেওগ ও মন্ত্রী পীযুষ হাজারিকা শেষকৃত্য স্থলে উপস্থিত হয়ে শ্রদ্ধা নিবেদন করেন । এর আগে তাঁর নশ্বর দেহ আজ সকালে কর্মস্থল দ্য আসাম ট্রিবিউন প্রাঙ্গণে রাখা হয় । সেখানেই গুনমুগ্ধরা তাঁর প্রতি শেষ শ্রদ্ধা জ্ঞাপন করেন ।
শেষ শ্রদ্ধা জ্ঞাপন করে মন্ত্রী অজন্তা নেওগ বলেন ----

বাইট

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বর্ষীয়ান সংবাদিকের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন । এক শোকবার্তায় প্রধানমন্ত্রী বলেন যে সংবাদজগতে উল্লেখযোগ্য অবদানের জন্য প্রফুল্ল গোবিন্দ বরুয়া চিরস্মরণীয় হয়ে থাকবেন । প্রধানমন্ত্রী প্রয়াত বরুয়ার পরিবার ও গুণমুগ্ধদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন । উল্লেখ্য দীর্ঘকাল ধরে দৈনিক আসাম সংবাদপত্রের সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করা প্রফুল্ল গোবিন্দ বরুয়া ২০১৮ সালে পদ্মশ্রী সম্মান লাভ করেন । উত্তর-পূর্বাঞ্চলের সংবাদ জগতের অন্যতম বরেণ্য ব্যাক্তি

বরুয়া সাংবাদিকতার ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য অসংখ্য সম্মান লাভ করেছেন ।

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা ,কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল ,শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগু ,সারা আসাম ছাত্র সংস্থার মূখ্য উপদেষ্টা সমুজ্জ্বল ভট্টাচার্য ,আসাম জাতীয় পরিষদের সভাপতি লুরিনজ্যোতি গগৈ সহ বিশিষ্ট ব্যাক্তিরা তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ।

---------------------------------------------------------------------------------------

লৌহ পুরুষ সর্দার বল্লভভাই প্যাটেলের ৭৫ তম মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে আজ দেশের বিভিন্ন প্রান্তে শ্রদ্ধা নিবেদন করা হয়েছে । উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন আজ লৌহপুরুষের পূণ্যতিথি উপলক্ষ্যে শ্রদ্ধা জানিয়ে সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন যে বল্লভভাই প্যাটেল দেশের রাজ্যসমূহের মধ্যে সংহতি স্থাপন ও প্রশাসনিক পরিকাঠামো শক্তিশালী করে তোলার ক্ষেত্রে বিশেষ ভূমিকা গ্রহণ করেছিলেন । তাঁর নেতৃত্ব ভাষা সংস্কৃতি ও আঞ্চলিক দিক থেকে বৈচিত্রপূর্ন একটি বৃহৎ দেশের জনতাকে একতার সূত্রে বাঁধতে সমর্থ হয়েছিলো বলেও শ্রী রাধাকৃষ্ণণ মত প্রকাশ করেন । লৌহ পুরুষের চিন্তা ও আদর্শ # এক ভারত শ্রেষ্ঠ ভারতের # ধারণায় এগিয়ে গিয়ে বিকশিত ভারত গড়তে সকলকে অনুপ্রাণিত করে বলে উপ-রাষ্ট্রপতি উল্লেখ করেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও সর্দার বল্লভভাই প্যাটেলের ৭৫ তম পূণ্য তিথি উপলক্ষ্যে শ্রদ্ধা নিবেদন করেছেন । এ উপলক্ষ্যে এক বার্তায় শ্রী মোদী বলেন যে বল্লভভাই প্যাটেল সমগ্র দেশকে একতার বন্ধনে বেঁধে রেখেছিলেন । অখন্ড ও শক্তিশালী দেশ নির্মাণের ক্ষেত্রে প্যাটেলের অতুলনীয় অবদানকে কৃতজ্ঞ দেশ সর্বদা স্মরণ করবে বলে প্রধানমন্ত্রী মত প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------------

প্রাক্তন আইন সচিব রাজ কুমার গোয়েল দেশের মুখ্য তথ্য আয়ুক্ত হিসেবে শপথ গ্রহণ করেছেন । রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আজ শ্রী গোয়েলকে পদ ও গোপনীয়তার শপথ বাক্য পাঠ করান ।

---------------------------------------------------------------------------------------

কামরূপ মহানগর জেলার মুখ্য ন্যায়াধীশের আদালতে আগামীকাল জুবিন গার্গের রহস্যজনক মৃত্যু মামলার অভিযোগনামা দাখিলের পর প্রথম শুনানী গ্রহণ করা হবে । আদালতের নিয়ম অনুযায়ি প্রথম শুনানীর পূর্বে সব অভিযুক্তকে আদালতে অভিযোগনামার প্রতিলিপি দেওয়া হয় । এই নিয়ম অনুসারে এই মামলার সাতজন অভিযুক্তকে আগামীকাল আদালতে হাজির করাতে হবে তবে আসামপুলিশ নিরাপত্তা

জনিত পরিস্থিতির জন্য অভিযুক্তদের ভার্চুয়েলি হাজির করানোর সুবিধা প্রদান করতে আদালতের কাছে আবেদন জানিয়েছে । আদালত এখোনো পর্যন্ত পুলিশের এই আবেদন মঞ্জুর করেনি । এদিকে পুলিশ সাতজন অভিযুক্তকে গুয়াহাটি নিয়ে আসার জন্য হাফলং এবং বাক্সা কারাগারে বিশেষ বাহন প্রেরণ করেছে ।

---------------------------------------------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টী আসাম বিধানসভা নির্বাচনের জন্য দলের জাতীয় উপসভাপতি বৈজয়ন্ত পান্ডাকে নির্বাচনী তত্বাবধায়ক হিসেবে নিযুক্তি প্রদান করেছে । এছাড়া জন্মুকাশ্মীর বিধানসভার বিরোধী দলের নেতা তথা বিধায়ক সুনীল কুমার শর্মা এবং প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী দর্শনা বেন জর্ডোসকে এই নির্বাচনের সহ - তত্বাবধায়ক হিসেবে নিযুক্তি প্রদান করেছে ।

---------------------------------------------------------------------------------------------

পুলিশের অপরাধ শাখা ম্যাচ ফিক্সিংয়ের অভিযোগে আজ শিলচরের অভিষেক ঠাকুর সহ চারজন ক্রিকেটার অমিত সিনহা , ঈশান আহমেদ , এবং অমন ত্রিপাঠীর বিরুদ্ধে মামলা দায়ের করেছে । অসম ক্রিকেট সংস্থা এই চারজন ক্রিকেটারের বিরুদ্ধে পুলিশের অপরাধ শাখায় এজাহার দাখিল করেছিল । এর পূর্বে ম্যাচ ফিক্সিংয়ের অভিযোগে আসাম ক্রিকেট সংস্থা তাৎক্ষণিকভাবে চারজন অভিযুক্তকে বরখাস্থ করেছিল । উল্লেখ্য লক্ষনৌয়ে অনুষ্ঠিত মুস্তাক আলী ট্রফির প্রাথমিক পর্যায়ের খেলার সময় আসাম দলের একাংশ খেলোয়াড়কে ম্যাচ ফিক্সিং করতে এই চারজন ক্রিকেটার প্রলোভন দিয়েছিল বলে অভিযোগ উত্থাপিত হয়েছে ।অভিযোগ উত্থাপিত হওয়ার পর বিসিসিআইর দুর্নীতি বিরোধী ও নিরাপত্তা গোষ্ঠি সমগ্র ঘটনাটি সম্পর্কে তদন্ত চালায় । উল্লেখ্য শিলচরের অভিষেক ঠাকুর চলতি রঞ্জী ট্রফির আসাম দলের সদস্য , প্রাক্তন রঞ্জী খেলোয়াড় অমিত সিনহা আসামকে প্রতিনিধিত্ব করে ৩২ টি খেলায় অংশগ্রহণ করেছিল , ডিব্রুগড়ের ঈশান আহমেদ এবং অমন ত্রিপাঠী বর্তমানে ক্লাব পর্যায়ের আসাম দলের খেলোয়াড় ।

---------------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ আজ শিলচর রংপুর এলাকায় একটি ট্রাকে অভিযান চালিয়ে বৃহৎ পরিমানের মাদকদ্রব্য বাজেয়াপ্ত করেছে । পুলিশ ট্রাকটির গোপন চেম্বার থেকে প্রায় ৯০ হাজার নেশাযুক্ত টেবলেট জব্দ করেছে যার বাজারমূল্য অনুমানিক ২৬ কোটি টাকা হবে বলে পুলিশ সুত্রে জানানো হয়েছে । এই ঘটনায় দুজন অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে এবং ট্রাকটিও জব্দ করা হয়েছে । পুলিশ সুপার পার্থপ্রতীম দাস জানান যে

ট্রাকটি মিজোরাম থেকে গুয়াহাটী যাচ্ছিল । এই ঘটনার তদন্ত অব্যাহত রয়েছে বলে তিনি জানান ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় স্বনিযুক্তি ও আত্ম-নির্ভরতাকে উৎসাহিত করতে আজ থেকে পাঁচ দিনের জেলা উদ্যোগ সমাগম শুরু হয়েছে । জেলা আয়ুক্ত অভিষেক জৈন আজ হাইলাকান্দি এস এস কলেজ প্রাঙ্গনে এই উদ্যোগ সমাগমের উদ্বোধন করেন । উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জেলা আয়ুক্ত শ্রীজৈন জানান ------

বাইট-- ডিসি

উল্লেখ্য আগামী ১৯শে ডিসেম্বর পর্য্যন্ত এই উদ্যোগ সমাগম চলবে ।

---------------------------------------------------------------------------------------------

ডিমা হাসা ও জেলা প্রশাসন জাটিঙ্গা-হারেঙ্গাজাও ২৭ নম্বর জাতীয় সড়কের নির্মান কাজে বাধা সৃষ্টি না করার জন্য ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারা অনুযায়ী কিছু নিষেধাজ্ঞা জারী করেছে । জেলা ম্যাজিষ্ট্রেট মুনিন্দ্র নাথ নাগাতে জানিয়েছেন যে ন্যাশনেল হাইওয়ে অথরিটি অব ইন্ডিয়ার বাস্তবায়িত এই প্রকল্প আগামী ৩১শে জানুয়ারীর মধ্যে শেষ করার লক্ষ্য ধার্য্য করা হয়েছে এবং এই নিষেধাজ্ঞা অনুযায়ী সড়ক নির্মান স্থলের আশে-পাশে পাঁচ বা ততোধিক ব্যাক্তি জড়ো হতে পারবেন না । পরবর্তী নির্দেশ না দেওয়া পর্য্যন্ত এই নিষেধাজ্ঞা জারী থাকবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

শ্রীভুমির জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী আজ করিমগঞ্জ সিভিল হাসপাতালের পরিষেবার মান ও প্রশাসনিক ব্যবস্থার সার্বিক অবস্থাক্ষ পর্য্যালোচনার জন্য আকস্মিক হাসপাতাল পরিদর্শন করেন । পরিদর্শনকালে জেলা আয়ুক্ত শ্রীদ্বিবেদী রোগীদের চিকিৎসা পরিষেবা , ঔষুধ সরবরাহ , পরিষ্কার-পরিচ্ছন্নতা ,কর্মচারিদের উপস্থিতির রেজিষ্টার , জরুরী বিভাগ , ল্যাবরেটরি সহ অন্যান্য বিষয় খতিয়ে দেখেন এবং প্রয়োজনীয় দিক নির্দেশ দেন । আজ পরিদর্শনকালে জেলা আয়ুক্তের সঙ্গে সিভিল হাসপাতালের অধীক্ষক ডক্টর লিপি দেব সিনহা সহ বিভাগীয় আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------